যায়যায়দিন

তারিখ ... OCT 13 2006 ...
পৃষ্ঠা ... ২১ ... কলাম ... ৬ ...

৬

অবেধ নিয়োগ ও প্রমোশন দাব

# ইবির ভারপ্রাপ্ত ভিসি ও রেজিস্ট্রারকে হত্যার হুমকি

ইবি প্রতিনিধি

অবৈধ নিয়োগ ও প্রমোশনের দাবিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত ভিসি ট্রেজারার প্রফেসর ড. এএসএম আনোয়ারুল করিম ও রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিনকে গতকাল বৃহস্পতিবার হত্যার হুমকি দিয়েছে বিএনপিপন্থী দুই অফিসার। দাবি পূরণ না করলে ভিসি, রেজিস্ট্রার ও প্রক্টরকে আগামী শনিবার পৃ২ ›› ক৪

## ইবির ভারপ্রাপ্ত ভিসি

*(শেষ পৃষ্ঠার পর)*

ক্যাম্পাসে ঢুকতে না দেয়ার ঘোষণা দেয় এ দুই অফিসার।

গত বুধবার দুপুর ১২টার দিকে সংস্থাপন শাখার মানজারে আলম মিরু ও এস্টেট অফিসের আলাউদ্দিন ভারপ্রাপ্ত ভিসির অফিসে গিয়ে অবৈধভাবে নিয়োগ ও প্রমোশনের জন্য চাপ দেয়। গতকাল বৃহস্পতিবার একই দাবিতে দুপুর সোয়া ১টার দিকে ভারপ্রাপ্ত ভিসির রুমে গেলে ড. এএসএম আনোয়ারুল করিম তাদের বলেন, ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হক ক্যাম্পাসে এসে এ বিষয়ে সিদ্ধান্ত নেবেন। এ কথা শুনে মিরু ও আলাউদ্দিন ট্রেজারার ও রেজিস্ট্রারকে অকথ্য গালিগালাজ শুরু করে। তারা ভারপ্রাপ্ত ভিসি ও রেজিস্ট্রারকে মারতে উদ্যত হয়। অফিসের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী মিরু ও আলাউদ্দিনকে নিবৃত্ত করে। মিরু ও আলাউদ্দিন এ সময় ঘোষণা দেয়, দাবি পূরণ না করা হলে শনিবার ভারপ্রাপ্ত ভিসি ও রেজিস্ট্রারকে ক্যাম্পাসে ঢুকতে দেয়া হবে না।

রেজিস্ট্রার ড. মসলেম উদ্দিন যাযাদিকে বলেন, বিষয়টিকে আমি হত্যার হুমকি বলে মনে করছি। মিরু প্রায় দু'বছর কোনো দিন অফিস করেনি। কিন্তু তার বিরুদ্ধে অ্যাকশন নিতে বিশ্ববিদ্যালয়ের সবাই ভয় পায়। ভারপ্রাপ্ত ভিসি ও ট্রেজারার প্রফেসর ড. এএসএম আনোয়ারুল করিম বলেন, এ বিষয়ে যথাযথ ব্যবস্থা নেয়া হবে। জিডি করার জন্য ইতিমধ্যেই ফাইলপত্র তৈরি করা হয়েছে। অন্যদিকে মানজারে আলম মিরু অভিযোগ অস্বীকার করে বলেন, এগুলো আমার নামে অপপ্রচার।